

বরিশাল শিক্ষা বোর্ড  
কর্মকর্তাদের সিদ্ধান্ত গ্রহণে  
দীর্ঘসূত্রতা ৷ এইচএসসি  
পাস ৪৯৬ শিক্ষার্থীর  
উচ্চ শিক্ষা অনিশ্চিত

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক  
বরিশাল শিক্ষা বোর্ডের দীর্ঘসূত্রতা ও  
সিদ্ধান্তহীনতার জন্য ৪শ' ৯৬ জন  
এইচএসসি পাস ছাত্রছাত্রীর ভাগ্যে এখন  
অনিশ্চয়তা দেখা দিয়েছে। —

গত ১৮ই নোবেম্বর অন্যান্য শিক্ষা  
বোর্ডসহ বরিশাল শিক্ষা বোর্ডের  
এইচএসসি পরীক্ষার ফলাফল ঘোষিত  
হয়। অক্টোবর মাসের প্রথম ও দ্বিতীয়  
সপ্তাহে বিভিন্ন কলেজে মার্কশিট আসে।  
এরপর ৪শ' ৯৬ জন ছাত্র তাদের  
ফলাফল সংশোধন ও পুনর্নিরীক্ষার জন্য  
বোর্ডের কাছে আবেদন জানায়; কিন্তু  
বোর্ড কর্তৃপক্ষ অম্যাবধি এসব  
আবেদনের ব্যাপারে কোন সিদ্ধান্ত  
দেয়নি। এদিকে ২৬শে ডিসেম্বর থেকে  
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা  
শুরু হয়েছে। মেডিক্যাল কলেজে ভর্তির  
ফরম আগেই বিতরণ করা হয়েছে।  
আগামী ১৭ই জানুয়ারি মেডিক্যাল  
কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।  
বুলনা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ফরমও  
বিতরণ প্রক্রিয়া চলাছে; কিন্তু শিক্ষা বোর্ড  
৪শ' ৯৬ জন ছাত্রের আবেদন সম্পর্কে  
কোন সিদ্ধান্ত না দেয়ায় অনেকেই  
উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য মেডিক্যাল  
কলেজ ও বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে  
পারছে না।